

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ৩১ আগস্ট ২০১৪/১৬ ভাদ্র ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১৪৭ - জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) সচিবালয়ের সাংগঠনিক মর্যাদা নির্ধারণ এবং জাতীয় দক্ষতা ও রেমিটেন্স সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রিসভা কমিটির আবশ্যিকতা ও কার্যপরিধি নিরূপণের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য সরকার নিম্নরূপ একটি কমিটি গঠন করিয়াছে:

(ক) কমিটির গঠন :

১. মন্ত্রিপরিষদ সচিব - আহ্বায়ক
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ - সদস্য
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় - সদস্য
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় - সদস্য
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয় - সদস্য
৬. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় - সদস্য
৭. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ - সদস্য
৮. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় - সদস্য

(খ) কমিটির কার্যপরিধি :

- (ক) জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) সচিবালয়ের সাংগঠনিক মর্যাদা নির্ধারণের বিষয়ে সুপারিশ প্রদান;
  - (খ) দক্ষতা উন্নয়ন ও রেমিটেন্স সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রিসভা কমিটির আবশ্যিকতা ও কার্যপরিধি পর্যালোচনাপূর্বক এ বিষয়ে সুপারিশ প্রদান; এবং
  - (গ) সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম।
- ২। মন্ত্রিপরিষদ বিভাগ উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
- ৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মোঃ মোস্তাফিজুর রহমান)

যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)।

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [ বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল ]